

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
ই-১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe-bd.org

নং-পরিবেশ/প্রচার/বিজ্ঞপ্তি-গণবিজ্ঞপ্তি/১১/২০১২/১৫০

তারিখঃ ১৭/০১/১৪১৯
৩০/০৪/২০১২

গণবিজ্ঞপ্তি

পলিথিন শপিং ব্যাগ বর্জন করুন : দেশকে পরিবেশগত বিপর্যয় থেকে রক্ষা করুন!!


পলিথিন শপিং ব্যাগের ক্ষতিকারক বিষয়সমূহ বিবেচনা করে সরকার সকল প্রকার পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। উল্লেখ্য,

- ১.১ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (২০১০ সালে সংশোধিত) এর বিধান অনুসারে পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ করলে আইন লংঘনকারী অনধিক ১০ (দশ) বৎসর সশ্রম কারাদণ্ড বা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবে;
- ১.২ পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করলে আইন লংঘনকারী অনধিক ১ (এক) বছর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবে;

২। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বাজারে কোনো কোনো স্থানে পলিথিন শপিং ব্যাগ বিভিন্ন রূপে ব্যবহৃত হচ্ছে। এটা স্পষ্টত সরকারী আদেশের লংঘন এবং দণ্ডনীয় অপরাধ। এ প্রেক্ষিতে, সরকার ২ মে ২০১২ থেকে সমগ্র বাংলাদেশে ছয় সপ্তাহব্যাপী পলিথিন শপিং ব্যাগ বিরোধী অভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছে।

৩। এ ব্যাপারে জেলা প্রশাসক ও পুলিশ সুপারগণের নেতৃত্বে জেলা পর্যায়ে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের নেতৃত্বে সকল উপজেলা পর্যায়ে বিশেষ অভিযান পরিচালিত হবে।

৪। নিষিদ্ধ ঘোষিত সকল পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, মজুদ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন ও ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হলো।



(মনোয়ার ইসলাম)
মহাপরিচালক